

উপজেলা কৃষি ও সেচ কমিটির আগস্ট, ২০২২ মাসের সভার রেজুলেশন

স্থানঃ উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, কাপাসিয়া, গাজীপুর।

তারিখঃ ১৭/০৮/২০২২ খ্রিঃ

সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা।

সভাপতিঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।

আলোচ্য বিষয়ঃ


- ১। চলমান আমন মৌসুমে করণীয়।
- ২। খরিপ-২ মৌসুমে মাঠে দন্ডায়মান বিভিন্ন ফসলের বর্তমান অবস্থার উপর আলোচনা।
- ৩। অন্যান্য

উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট “ক”

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। আলোচ্যসূচী অনুযায়ী বিষয়বস্তু উপস্থাপনার জন্য কমিটির সদস্য সচিব জনাব সুমন কুমার বাসাক, উপজেলা কৃষি অফিসার, কাপাসিয়া, গাজীপুর কে অনুরোধ জানানো হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	জনাব সুমন কুমার বাসাক, উপজেলা কৃষি অফিসার কাপাসিয়া, গাজীপুর, উপজেলা কৃষি ও সেচ কমিটির সভায় উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে অবগত করেন, বর্তমানে জলবায়ু পরিবর্তনের কারণে অসময়ে খরার প্রকোপ বৃদ্ধি পেয়েছে। এ বছর খরার জন্য এক তৃতীয়াংশ জমিতে এখনও আমন এর চারা রোপন সম্ভব হচ্ছে না। জরুরী ভিত্তিতে সকল সেচ স্কিম চালু করা প্রয়োজন।	জরুরী ভিত্তিতে বিএডিসি ও ব্যক্তিগত সেচ স্কীম চালু করার জন্য সিদ্ধান্তগৃহীত হলো। সকল উপসহকারী কৃষি কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের সহযোগীতায় সেচ যন্ত্র চালু নিশ্চিত করতে বলা হলো।	উপজেলা কৃষি অফিসার/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)
২	উপজেলা কৃষি অফিসার, বর্তমানে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক প্রতি ইঞ্চি জমির ব্যবহার বাড়াতে অনাবাদী জমিতে ফলন চাষের উদ্যোগ নিতে সবার সহযোগীতা কামনা করেন।	সকলকে সহযোগীতার জন্য আহ্বান করা হয়।	উপজেলা কৃষি অফিসার/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)
৩	সকল সদস্যবৃন্দ আলোচনা করেন, বর্তমান প্রেক্ষাপটে সংকট উত্তরণে কৃষির উৎপাদন বৃদ্ধির জন্য কৃষক প্রশিক্ষণ ও কৃষি উপকরণের সরবরাহ বৃদ্ধির গুরুত্বারোপ করেন।	সর্বসম্মতিক্রমে, ২০২২-২৩ অর্থবছরে কৃষি খাতে জাইকা/ এডিপির অর্থায়ন বৃদ্ধির জন্য প্রস্তাবনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	ভাইস- চেয়ারম্যান/ উপজেলা কৃষি অফিসার

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



জনাব মোঃ আসাদুজ্জামান,
ভাইস- চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কাপাসিয়া, গাজীপুর
ও সভাপতি

উপজেলা কৃষি ও সেচ কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
কাপাসিয়া, গাজীপুর।

স্মারক নং : ১২.১৮.৩৩৩৬.০৪১.৯৯.০০০.১৯

তারিখ : ১৭/০৮/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো :-

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।

২। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, গাজীপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়):


১। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন কমিটি কাপাসিয়া, গাজীপুর।

২। ডি জি এম, পল্লী বিদ্যৎ সমিতি, কাপাসিয়া, গাজীপুর

৩। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ, কাপাসিয়া, গাজীপুর।

৪। উপসহকারী কৃষি অফিসার, কাপাসিয়া, গাজীপুর।

৫। উপসহকারী প্রকৌশলী (সেচ), বিএডিসি, কাপাসিয়া, গাজীপুর



(সুমন কুমার বসাক)

উপজেলা কৃষি অফিসার

কাপাসিয়া, গাজীপুর

ও

সদস্য সচিব,

উপজেলা কৃষি ও সেচ কমিটি, কাপাসিয়া, গাজীপুর।